

# Times Today BD

ইমরান হোসেন রাজ | স্বাস্থ্য | 18 June, 2025

যশোরে করোনাভাইরাসে আক্রান্ত এক রোগীর মৃত্যু হয়েছে। মৃত শেখ আমির হোসেন জেলার বাঘারপাড়ার জহুরপুরের মৃত শেখ মকছেদ আলীর ছেলে। তিনি যশোর জেনারেল হাসপাতালে আইসিইউতে চিকিৎসাধীন ছিলেন। মঙ্গলবার দুপুরে রেপিড এন্টিজেন পরীক্ষায় ওই রোগীর করোনা শনাক্ত হয়। আজ বুধবার তিনি মারা যান। বিষয়টি নিশ্চিত করেছেন হাসপাতালের আরএমও বজলুর রশিদ টুলু।

হাসপাতাল সূত্র জানায়, ৫ জুন যশোরের আমির হোসেন যশোর জেনারেল হাসপাতালের মডেল ওয়ার্ডে পেট ব্যাথা নিয়ে ভর্তি হন। এতদিন তিনি ওই ওয়ার্ডে চিকিৎসাধীন ছিলেন। রোববার তার নুতন করে জ্বরসহ বিভিন্ন উপসর্গ দেখা দেয়। পরে গুরুতর অসুস্থ হয়ে পড়লে ওয়ার্ডে দায়িত্বরত চিকিৎসক তাকে আইসিইউতে রেফার করেন। কিন্তু সেখান শয্যা না থাকায় তিনি মডেল ওয়ার্ডে চিকিৎসাধীন ছিলেন। মঙ্গলবার সকালে আইসিইউতে শয্যা ফাঁকা হলে পরিবারের লোকজন তাকে সেখানে নিয়ে যান। পরে ডাক্তার তাকে করোনা পরীক্ষার পরামর্শ দেন। রোগীর স্বজনরা দুপুরে বেসরকারি একটি প্রতিষ্ঠানে তার রেপিড এন্টিজেন পরীক্ষা করান। পরীক্ষায় তার শরীরে করোনা শনাক্ত হয়। আজ বুধবার সকালে তিনি মারা যান।

হাসপাতালের আরএমও বজলুর রশিদ টুলু বলেন, কিডনিজনিত সমস্যায় সার্জারি বিভাগের রোগী হিসেবে গত ৫ জুন তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছিল।

তিনি আরও জানান, আইসিইউ তে সন্দেহজনক আরো একজন রোগী রয়েছেন। তারা করোনা আক্রান্ত কিনা সেজন্য পরীক্ষা নিরীক্ষার জন্য নমুনা পাঠানো হয়েছে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 03:21

URL: <https://www.timestodaybd.com/public/health/3485775807>